রেজিস্ট্রার দপ্তর
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০

Registrar Office
Sheikh Hasina University
Netrokona-2400

স্মারক: ৩৭.০১.৭২০১.০১৪.১১.০০১.২২.৪৫

তারিখ: ২১ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৫ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

**শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা**'র নিম্নোক্ত শূন্য পদসমূহে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরম পূরণ সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

| ক্রমিক | পদের নাম, বিভাগ, বেতন স্কেল ও বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | **পদের নাম:** সহকারী অধ্যাপক<br>**বিভাগ:** বাংলা, ইংরেজি<br>**গ্রেড:** ৬<br>**বেতন স্কেল:** ৩৫,০০০-৬৭০১০/-<br>**বয়স:** অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর | বাংলা- ০১<br>ইংরেজি- ০১ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।<br>৩. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় ন্যূনতম ০২(দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় ন্যূনতম ০১(এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউ) ন্যূনতম ০৩ (তিনটি) প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০১(এক) টি প্রকাশনা থাকতে হবে। |
| ২. | **পদের নাম:** প্রভাষক<br>**বিভাগ:** বাংলা ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>**গ্রেড:** ৯<br>**বেতন স্কেল:** ২২০০০-৫৩০৬০/-<br>**বয়স:** অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | বাংলা- ০১<br>সিএসই-০১ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫ থাকতে হবে। বাংলা বিভাগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।<br>৩. এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। |
| ৩. | **পদের নাম:** জনসংযোগ কর্মকর্তা/সমমান<br>**গ্রেড:** ০৯<br>**বেতন স্কেল:** ২২০০০-৫৩০৬০/-<br>**বয়স:** অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | ০১ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে নূন্যতম ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. শিক্ষাজীবনের কোনো পর্যায়ে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়।<br>৩. বাংলা ও ইংরেজি ভাষায় উল্লেখযোগ্য দক্ষতা থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কম্পিউটার পরিচালনার দক্ষতা থাকতে হবে। পত্রিকা/মিডিয়ায় কর্মরত অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |
| ৪. | **পদের নাম:** সহকারি প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল)<br>**গ্রেড:** ০৯<br>**বেতন স্কেল:** ২২০০০-৫৩০৬০/-<br>**বয়স:** অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | ০১ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।<br>২. শিক্ষাজীবনের কোনো পর্যায়ে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়।<br>৩. সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে।<br>৪. সংশ্লিষ্ট কাজ সম্পর্কিত কম্পিউটার পরিচালনায় দক্ষতা আবশ্যক। |
| ৫. | **পদের নাম:** নিরাপত্তা কর্মকর্তা<br>**গ্রেড:** ১০<br>**বেতন স্কেল:** ১৬,০০০/--৩৮৬৪০/-<br>**বয়স:** অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | ০১ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর/সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>২. সামরিক/বেসামরিক বাহিনীর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>৩. সংশ্লিষ্ট কাজ সম্পর্কিত কম্পিউটার পরিচালনায় দক্ষতা আবশ্যক। |

| | | | |
|---|---|---|---|
| ৬. | **পদের নাম:** হিসাব রক্ষক<br>**গ্রেড:** ১১<br>**বেতন স্কেল:** ১২৫০০/--৩০২৩০/-<br>**বয়স:** অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | ০১ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞানে ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. শিক্ষাজীবনে কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।<br>৩. সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর যোগ্যতা শিথিল করা যেতে পারে। |

<u>নির্দেশনা:</u>

১. প্রার্থীকে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.shu.edu.bd) থেকে ডাউনলোড করা যাবে।
২. প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক রেজিস্ট্রার, 'শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা' (অস্থায়ী ক্যাম্পাস: কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নেত্রকোণা) বরাবর আবেদন করতে হবে।
৩. সকল পরীক্ষায় উত্তীর্ণ সনদ, অভিজ্ঞতার সনদ, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের কাছ থেকে নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্র এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবিসহ সকল সনদের সত্যায়িত অনুলিপি সম্বলিত ০৩ (তিন) সেট আবেদনপত্র দাখিল করতে হবে।
৪. প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
৫. আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণার অনুকূলে ১ ক্রমিক পদের জন্য ১০০০/-(এক হাজার) টাকা, ২ থেকে ৪ ক্রমিকের পদের জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা, ৫ ও ৬ ক্রমিকের পদের জন্য ৫০০/- (পাঁচশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে (অফেরতযোগ্য)।
৬. প্রার্থীদের পদের নাম ও বর্তমান ঠিকানাসহ ১০/- টাকার অব্যবহৃত ডাকটিকেট সম্বলিত একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৭. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৮. সরকারি নিয়মানুযায়ী যাবতীয় কোটাবিধি সংরক্ষণ করা হবে।
৯. আবেদনপত্র আগামী ২০/০৭/২০২২ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে 'রেজিস্ট্রার, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা' (অস্থায়ী ক্যাম্পাস: কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নেত্রকোণা) বরাবর ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে।
১০. বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।
১১. জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে না।
১২. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১৩. প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/মৌখিক/প্রাকটিক্যাল পরীক্ষায় ডাকা হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৪. আবেদনকারী প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
১৫. প্রভাষক পদের ক্ষেত্রে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হতে পারে। তবে এমফিল/সমমান বা পিএইডি ডিগ্রির জন্য উল্লিখিত যোগ্যতার কোনো শর্ত কোনোভাবেই শিথিলযোগ্য হবে না।
১৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা/শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার যেকোনো একটি শর্ত শিথিলযোগ্য।
১৭. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জন এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৮. নির্বাচিত প্রার্থীদেরকে পুলিশ ভেরিফিকেশন ও মেডিক্যাল টেস্ট সম্পন্ন করে যোগদান করতে হবে।

রেজিস্ট্রার
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা